# নিয়োগ বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ** বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান কারখানার ইনস্ট্রুমেন্ট ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক) পদ পূরণের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের অফিস হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে বিজ্ঞানে এস.এস.সি. ও এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ২.৭৫ এবং ৩/৪ বছর মেয়াদি ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক বিষয়ে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে বি এসসি/সমমান পরীক্ষায় সিজিপিএ ৫ স্কেলে ৩.৫০ অথবা ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ থাকতে হবে। প্রার্থীকে কোনো সরকারি/বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক যন্ত্রপাতি রক্ষণাবেক্ষন কাজে ন্যূনতম ০৬ (ছয়) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহনযোগ্য নয়। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার (যদি থাকে) সনদসমূহ আবেদনের সঙ্গে সংযুক্তি করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিল যোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) সেট দরখাস্ত আগামী **২০-১১-২০২৫** তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় (২০৩ নং কক্ষে)-এর নিকট পৌঁছাতে হবে।